



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৬৩/২১

তারিখ: ১লা চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১৫ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: এন্টি টেররিজম ইউনিট কর্তৃক আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর ১ জন সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি দল গোপন সংবাদের ভিত্তিতে ১৪ মার্চ ২০২১ তারিখ বিকাল ০৪.১৫ ঘটিকার সময় অভিযান চালিয়ে ঢাকার কামরাঙ্গীর চরের মনসুরবাগ এলাকা থেকে আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর ১ সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যর নাম: মোঃ পারভেজ (২১), পিতা- মোঃ শাহজাহান, স্থায়ী ঠিকানাঃ- গ্রাম- কালাদরপ, থানা-নোয়াখালী সদর, জেলা- নোয়াখালী। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট সাক্ষীদের উপস্থিতিতে ধৃত আসামীকে তল্লাশী করে ২ টি সীমসহ ১ টি এন্ড্রয়েড মোবাইল ফোন, ১ টি সীমসহ ১ টি ফিচার ফোন এবং আসামী পরিচালিত ফেসবুক আইডি থেকে ১৮ পাতা উগ্রবাদ ও সন্ত্রাসবাদ সংক্রান্ত স্ক্রিনশটের প্রিন্ট কপি ডিজিটাল এভিডেন্স হিসাবে জব্দ করা হয়েছে।

গ্রেফতারকৃত আসামী মোঃ পারভেজ আনসারুল্লাহ বাংলা টিম (এবিটি) এর সক্রিয় সদস্য। আসামী দেশে অস্থিরতা সৃষ্টি, জন- নিরাপত্তা বিপন্ন, জনমনে ভ্রাস ও আতঙ্ক সৃষ্টির লক্ষ্যে অনলাইন ও সাইবার স্পেসের মাধ্যমে জঙ্গিবাদ ও উগ্রবাদী প্রচার-প্রচারণা চালিয়ে আসছিল। আসামী তার ফেসবুক আইডি থেকে বিভিন্ন জঙ্গি কার্যক্রম সংক্রান্ত ও রাষ্ট্র বিরোধী পোস্ট প্রদান করে উগ্রবাদী কার্যক্রমে উৎসাহ প্রদান করে আসছিল। তার ফেসবুক আইডি থেকে সে বিভিন্ন উগ্রবাদী পেজ এবং উগ্রবাদী মতাদর্শের আইডির পোস্টে লাইক, কमेंট, শেয়ার দিয়ে যে কোন মূল্যে তথাকথিত ইসলামি খিলাফত প্রতিষ্ঠা করার মতবাদ প্রচার করত। উক্ত আসামী তার সহযোগীদের সাথে বিভিন্ন এনক্রিপ্টেড অ্যাপস এর মাধ্যমে যোগাযোগ রক্ষা, উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা ও জিহাদের প্রস্তুতি গ্রহণ করে আসছিল।

গ্রেফতারকৃত মোঃ পারভেজ নিষিদ্ধ ঘোষিত সংগঠন সমর্থন, অপরাধ সংঘটনের ষড়যন্ত্র এবং সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করায় তার বিরুদ্ধে কামরাঙ্গীর চর থানায় মামলা নং-৩২, তারিখ- ১৫/০৩/২০২১ খ্রিঃ সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩) এর ৬(২)(ক)/৯(২)/১৩ ধারা রুজু করা হয়েছে।


১৫/০৩/২০২১

(মোহাম্মদ আসলাম খান)
পুলিশ সুপার
(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)
এন্টি টেররিজম ইউনিট,
বাংলাদেশ পুলিশ, ঢাকা।